

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd


তারিখঃ ২৪ ফেব্রুয়ারী ২০২২
১১ ফাল্গুন ১৪২৮

প্রেস রিলিজ

আজ ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ রোজ- বৃহস্পতিবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “ভোজ্যতেলের বাজার পর্যালোচনা বিষয়ক মতবিনিময় সভা” বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব এ কে এম আলী আহাদ খান, জাতীয় রাজস্ব বোর্ডের সেকেন্ড সেক্রেটারী জনাব জোবাইদা নাহার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার উপপরিচালক জনাব মোঃ ফরহাদ হোসেন, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর সহকারী এক্সিকিউটিভ জনাব মোঃ নাসির উদ্দিন তালুকদার, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা জনাব মহিনুল কারিম খন্দাকার, সেনা কল্যাণ সংস্থার ডিজিএম (প্রকিউরমেন্ট) মেজর সুলাইমান (অবঃ), সিটি গ্রুপের জি. এম. জনাব এ. কে. এম. কামরুজ্জামান, গ্লোব এডিবল ওয়েল লিঃ এর জি.এম. জনাব কাজী মোতাহার উদ্দীন, টি.কে. গ্রুপের এজি.এম. জনাব এ.এফ.এম জাবেদ, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর ডেপুটি এডভাইজার জনাব শফিউর রহমান এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় ভোজ্যতেলের মূল্যের তারতম্য, আমদানী, সাপ্লাই চেইনের কোনো পর্যায়ে কারসাজির মাধ্যমে অস্বাভাবিক মূল্য বৃদ্ধি হচ্ছে কিনা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি ভোজ্যতেলের বাজারে যে কোন ধরনের প্রতিযোগিতা পরিপন্থি কর্মকান্ড থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। তিনি ভোজ্যতেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির সঙ্গে জড়িত যে কোন ধরনের সিন্ডিকেটের বিরুদ্ধে সজাগ থাকার জন্যও সকলকে অনুরোধ করেন।

সভায় ব্যবসায়ী নেতৃবৃন্দ ভোজ্যতেলের বাজারে স্বস্থিদায়ক পরিস্থিতি বজায় রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।


(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা
E-mail: librarian@ccb.gov.bd